# হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ উমরাহ

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

ইহরাম অবস্থায় অনুমোদিত কার্যাবলী

- হাতঘড়ি, চশমা, হেডফোন, বেল্ট, মানিব্যাগ, শ্রবণযন্ত্র ব্যবহার করা যাবে। মহিলারা আংটি ও গলায় চেইন পরতে পারবেন।
- ছাতা, বাস ও গাড়িসহ তাবু, সিলিংয়ের ছায়ায় আশ্রয় নেওয়া যাবে।
- লাগেজ, ম্যাট্রেস ইত্যাদি মাথায় বহন করা।
- জখম/ আহত স্থানে ব্যান্ডেজ পরা যাবে।
- চশমা, ঘড়ি, টাকা ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র বহন করার জন্য সেলাইযুক্ত ছোট ব্যাগ ব্যবহার করা যাবে।
- পরিষ্কার পরিচছন্নতার জন্য পরিধানের ইহরাম কাপড় পরিবর্তন করা যাবে। ইহরামের কাপড় ধৌত করা যাবে।
- গোসল করা যাবে। অনিচ্ছাকৃত ও অপ্রত্যাশিত ভাবে শরীরের কোনো চুল/লোম উঠে যাওয়া।
- গৃহপালিত পশু জবাই করা যাবে, মাছ ধরা যাবে।
- মানুষের জন্য ক্ষতিকর কোনো প্রাণী কর্তৃক আক্রান্ত হলে তা

তাড়িয়ে দেওয়া বা আত্মরক্ষার জন্য প্রয়োজনে হত্যা করা; যেমন-

বন্য কুকুর, ইঁদুর, কাক, সাপ, বিচ্ছু, চিল, মশা, মৌমাছি ও পিঁপড়া ইত্যাদি।[1]

- আত্মরক্ষার জন্য চোর/ডাকাতকে আঘাত করা।

ঠান্ডা থেকে বাঁচার জন্য শরীর আবৃত করার জন্য

কম্বল, মাফলার ব্যবহার করা যাবে।

## ফুটনোট

[1] নাসাঈ, হাদীস নং ২৮৩৫; তিরমিযী, হাদীস নং ৮৩৮

Source — https://www.hadithbd.com/books/link/?id=6508

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন